মাসিক অভিযোগ নিষ্পত্তির তালিকা : নভেম্বর/২০২১

ক্রঃ নং	মাস ও তারিখ	অভিযোগের সংখ্যা			মোট	অভিযোগের ধরণ	বিবেচ্য মাসে নিষ্পত্তিকৃত অভিযোগের সংখ্যা	অনিষ্পত্তিকৃত অভিযোগের সংখ্যা				মন্তব্য
		পত্রযোগে কার্যালয়ে প্রাপ্ত	অনলাইনে কার্যালয়ে প্রাপ্ত	মন্ত্রণালয়ের ওয়েবসাইটে				সওজ	বিআরটিএ	BRTC	DTCA	
১	২৮ অক্টোবর, ২০২১					সিলেট তামাবিল রোডের জমি অধিগ্রহন কবে হবে? (আই ডি নং- ১০৭৫৯, প্রকল্প পরিচালক/অঃপ্রঃপ্রঃ সওজ সিলেট জোন)						অভিযোগটির প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, ভূমি অধিগ্রহন ও ইউটিলিটি স্থানান্তর প্রকল্পঃ সাপোর্ট টু ঢাকা (কাঁচপুর)-সিলেট মহাসড়ক চার লেনে উন্নীতকরণ ও উভয় পার্শ্বে পৃথক সার্ভিস লেন" নির্মাণ শীর্ষক প্রকল্পের আওতায় সিলেট-তামাবিল সড়কের ভূমি অধিগ্রহণ কাজ চলমান রয়েছে। উক্ত প্রকল্পের আওতায় সিলেট-তামাবিল সড়কে ২০১৫ সালের এল.এ ডিজাইনকে অনুসরণ করে ভূমি অধিগ্রহণ প্রস্তাব জেলা প্রশাসকের কার্যালয়ে দাখিল করা হয়। কিন্তু প্রকল্পের এলাইনমেন্ট এর নক্সা পরিবর্তন এবং ২০১৫ সালে এস এ নক্সার আলোকে প্রস্তাবকৃত ভূমি বি.এস নক্সায় রুপান্তর কালে ভূমির পরিমাণ বিভিন্ন মৌজায় কম/বেশী হয়। এছাড়া নতুন উপজেলা গঠিত হওয়ায় ২০১৫ সালের কিছু মৌজা যে উপজেলাতে ছিল বর্তমানে তা অন্য নতুন উপজেলাতে চলে এসেছে। তাই অধিগ্রহণের জন্য সংশোধিত প্রশাসনিক অনুমোদনের প্রয়োজনীয়তা দেখা দেয়। বর্তমানে সংশোধিত প্রশাসনিক অনুমোদনের প্রস্তাব মন্ত্রণালয়ে অনুমোদনের জন্য প্রক্রিয়াধীন রয়েছে। সংশোধিত এলাইনমেন্ট অনুযায়ী সিলেট-তামাবিল সড়কের ভূমি অধিগ্রহনের প্রস্তাব করা হয়েছে। সংশোধিত প্রশাসনিক অনুমোদন পেলে তা জেলা প্রশাসকের কার্যালয়ে প্রেরণ করা হবে।
২	২৮ অক্টোবর, ২০২১					Asslamoalykom about Road and kagatia Bazar Bridge (repair) :- এখন শীত মৌসুম শুরু হচ্ছে । তাই এ শীত মৌসুমের প্রাথমিক সময়ে রাউজান কাগতিয়ার দক্ষিণ কুল মুক্তিযোদ্ধা শওকত রুশ্নি গেইট হতে কাগতিয়া হাজী মৌলানা রুহল আমিন সড়ক কাগতিয়া মজিদাপাড়া হয়ে মাইজ পাড়া হয়ে কাসেম নগর পর্যন্ত রোড রিপিয়ার ঢালাই করার জন্য আমাদের সরকারের						অভিযোগটির প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, উল্লিখিত সড়ক/স্থানটি চট্টগ্রাম সড়ক বিভাগ তথা সড়ক ও জনপথ অধিদপ্তরের আওতাভূক্ত নয়। উক্ত বিষয়ে "স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর, চট্টগ্রাম" এর সাথে যোগাযোগ করা যেতে পারে। গ্যাস লাইন সংযোগের বিষয়ে "কর্নফুলী গ্যাস ডিস্ট্রিবিউশন কোম্পানী, চট্টগ্রাম"

ক্রঃ নং	মাস ও তারিখ	অভিযোগের সংখ্যা			মোট	অভিযোগের ধরণ	বিবেচ্য মাসে নিষ্পত্তিকৃত অভিযোগের সংখ্যা	অনিষ্পত্তিকৃত অভিযোগের সংখ্যা				মন্তব্য
		পত্রযোগে কার্যালয়ে প্রাপ্ত	অনলাইনে কার্যালয়ে প্রাপ্ত	মন্ত্রণালয়ের ওয়েবসাইটে				সওজ	বিআরটিএ	BRTC	DTCA	
						কাছে আহ্বান জানাচ্ছি। (গাউছুলআজম দরবারে মুরিদদের সাথে মোহাম্মদপুরের ঝগড়ার জের ধরে আমাদের কাগতিয়ার সাধারণ জনগণের চলাচলের রোড রিপিয়ার ঢালাই অনেক দিন (প্রায় ২ বছর ৬ মাস ধরে) করে নাই। অনেকবার আবেদন করেছিলাম সরকারের কাছে দরখাস্ত দিয়ে ছিলাম কিন্তু কিছু কুচক্রী মহল এর কাজটি (সামান্য ১মাস লাগবে শুধু রিপিয়ার ঢালাই) করতে দেইনি বা বিভিন্ন অজুহাত দেখিয়ে করেননি। তাই আবারও আমাদের সরকারের কাছে আবেদন করতেছি যে, এখন স্কুল কলেজ মাদ্রাসা বিশ্ববিদ্যালয় খুলেছে তাই শিক্ষার্থীদের দৈনন্দিন যাতায়াতের কথা চিন্তা করে, এছাড়া অন্যান্য সমস্যা যেমন রোগী গর্ভবতী মহিলাদের যাতায়াতের কথা ভেবে দ্রুত পূর্বের পিচ ঢালাই রোডে পিচ উঠে গিয়ে যে গর্ত সৃষ্টি হয়েছে তা যেন দ্রুত আগামী ডিসেম্বরের ভেতর কমপিলিট করে জনগণের দীর্ঘ দিন অশান্তি দুর্ভোগ দুরিভূত করার জন্য সরকার সংশ্লিষ্ট সকলের প্রতি আহ্বান জানাচ্ছি এবং সুদৃষ্টি কামনা করছি। **about GAS line :-** এবং কাগতিয়া মাইজপাড়া পর্যন্ত গ্যাস সংযোগ দেওয়া হয়েছিল । কিন্তু আরো তিনটি পাড়াতে এখনো সংযোগ দেওয়া হয়নি । তারা সে সময় আবেদন করেছিল, কন্ট্রাক্টর এবং কিছু কুচক্রী মহল এ তিনটি পাড়া ই তখন গ্যাস লাইন সংযোগ দেয়নি যখন মাইজপাড়া পর্যন্ত গ্যাস সংযোগ দেওয়া হয়েছিল । এখন বাকি তিনটি পাড়া গোলজারপাড়া, কাসেম নগর আজিমার ঘাটেও যেন সামান্য এরিয়া গুলো তে গ্যাস সংযোগ দেওয়া হয় সেজন্য বিশেষ ভাবে অনুরোধ জানাচ্ছি । **about Biddot pilar:-** এবং পাড়ার ভেতর বৈদ্যুতিক পিলার (খুঁটি) গুলো যেন লম্বা স্বাভাবিক গাছের ওপর হয় সেভাবে পরিবর্তন করে দিয়ে বিভিন্ন রকম দুর্ঘটনা হাত হতে পাড়া সমাজের লোকজনকে বাঁচানোর জন্য সরকার সংশ্লিষ্ট সকলের প্রতি আহ্বান জানাচ্ছি । দেখা যাচ্ছে খুটি হতে অনেকের ঘরের ওপর দিয়ে অনেকের বৈদ্যুতিক মিটার লাইন দেওয়া হয়েছিল, তা অনেক সমস্যা এবং বৈদ্যুতিক ইলেকট্রিক শর্ট হওয়ার সম্ভাবনা বেশি । ঝড় বৃষ্টি তুফান এবং কোন দুর্ঘটনা জনিত আগুন লাগার সময় বৈদ্যুতিক ইলেকট্রিক শর্ট হয়ে, বড় ধরনের সমস্যা ঘটতে পারে তাই অতিসত্তর গোলজারপাড়া আজিমার ঘাট সহ যে সব জায়গায় অন্যর মিটার লাইন ঘরের ওপর দিয়ে নিয়ে গেছে তা						এবং বৈদ্যুতিক পিলারের বিষয়ে "বাংলাদেশ বিদ্যুৎ উন্নয়ন বোর্ড" এর সাথে যোগাযোগ করা যেতে পারে।

ক্রঃ নং	মাস ও তারিখ	অভিযোগের সংখ্যা			মোট	অভিযোগের ধরণ	বিবেচ্য মাসে নিস্পত্তিকৃত অভিযোগের সংখ্যা	অনিস্পত্তিকৃত অভিযোগের সংখ্যা				মন্তব্য
		পত্রযোগে কার্যালয়ে প্রাপ্ত	অনলাইনে কার্যালয়ে প্রাপ্ত	মন্ত্রণালয়ের ওয়েবসাইটে				সওজ	বিআরটিএ	BRTC	DTCA	
						যেন সরানো হয়। এবং নতুন খুঁটি হতে লাইন গুলো সংযুক্তি করার সময় ঘরের পারশ্বস্থ হয়ে ঘুরিয়ে লাইন মিটার কর্তৃপক্ষ এবং মালিক উভয়ের জন্য এভাবে নিয়ম করে দেওয়ার জন্য বিশেষ ভাবে অনুরোধ জানাচ্ছি । যা পূর্বে ভূলের কারণে ঘটাইছে , তা বিল দেবার সময় যে লোক যাবে তার মাধ্যমে তথ্য নিয়ে বিদ্যুত অফিস কর্তৃপক্ষ নোট করে পাড়া বা এলাকা ভিত্তিক লাইন গুলোর সংযুক্তি মিটার লাইন কিভাবে খুঁটি হতে গেছে তা দেখে , কারো ঘরের ওপর দিয়ে অন্যর মিটার লাইন গেলে তা বৈদ্যুতিক থার (ওয়ার)একটু বৃদ্ধি করে ঘরের পার্শ্বস্থ দিয়ে ঘুরিয়ে লাইন সংশোধন করার পরিকল্পনা নেওয়ার জন্য বিদ্যুত মন্ত্রণালয়ে সরকার সংশ্লিষ্ট সকলের সুদৃষ্টি কামনা করছি । এবং ডিসেম্বরের ভিতর কাগতিয়ার সকল বৈদ্যুতিক পূর্বের খুঁটি পরিবর্তন সহ অন্যর ঘরের উপর দিয়ে মিটার লাইন নিয়ে বা দিয়ে থাকলে তা পরিবর্তন করে, এলাকাকে সুন্দর এবং দুর্ঘটনা মুক্ত করার আহ্বান জানাচ্ছি । আমাদের আবেদন পর্যবেক্ষণ পূর্বক রাউজান নোয়াপাড়া জোনাল অফিসে মাধ্যমে আমাদের আবেদন দ্রুত কার্যকর করে এলাকায় শান্তি ফিরিয়ে দেবার আহ্বান জানাচ্ছি। (আই ডি নং ১০৭৭৩, চট্টগ্রাম সড়ক বিভাগ)						
৩	০১ নভেম্বর, ২০২১					মাননীয়, আমরা মাদারীপুর জেলাধীন কালকিনি উপজেলাধীন পূর্ব এনায়েতনগর ইউনিয়নের প্রায় ১৫০০০ জনগন অত্যন্ত দুঃখের সাথে জানাচ্ছি যে, আমাদের এখানকার সড়ক যোগাযোগ ব্যবস্থা অত্যন্ত খারাপ। মাদারীপুর ও শরীয়তপুর জেলার সীমান্তবর্তী এলাকা হওয়ায় কোন জেলার সাথেই আমাদের কোন সরাসরি যোগাযোগ ব্যবস্থা নেই । এমনকি এই একটিমাত্র ইউনিয়নই আছে যার সাথে মাদারীপুরের কোন উপজেলার সড়ক যোগাযোগ নেই। হয় জীবনের ঝুকি নিয়ে নৌ-পথে বা বেশী দুরত্বের কোন সড়ক ব্যবহার করে আমাদের জেলা সদর বা উপজেলায় যেতে হয়। এতে করে সময় ও অর্থের অপচয় হয়ে। সম্প্রতি আড়িয়াল খা নদীতে এলজিইডি কর্তৃক ৫০০ মিটারের সেতু নির্মান হওয়ায় আমরা এলাকাবাশী আশার আলো দেখছি। সেতু নির্মান হলেও উপযোগী সড়ক যোগাযোগ না থাকায় আমরা তার সুবিধা পাচ্ছি না। তাই আমদের সহজ ও নিরাপদ যোগাযোগের জন্য মাদারীপুর-কালকিনি-ভূরঘাটা সড়কের **কালীগঞ্জ হতে - আলীপুর-খাশেরহাট হয়ে শরীয়তপুর পর্যন্ত** ২০-২৫ কিলোমিটার (কম/বেশী) একটি সড়ক নির্মাণ						অভিযোগের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, মাদারীপুর-কালকিনি-ভুরঘাটা মাদারীপুর সড়ক বিভাগাধীন একটি জেলা মহাসড়ক (জেড-৮৬০৪) এবং সড়কটির অবস্থা বর্তামানে ভালো আছে। যা যাতায়াতের মাধ্যম হিসাবে ব্যবহৃত হচ্ছে। বর্ণিত সড়কের কালীগঞ্জ হয়ে আলীপুর-খাশেরহাট শরীয়তপুর পর্যন্ত অত্র এলাকার যাতায়াতের সুবিধার্থে কম/বেশী ২০- ২৫ কিলোমিটার সড়ক নির্মাণের বিষয়ে আবেদন জানিয়ে উক্ত অভিযোগটি দাখিল করা হয়েছে। উল্লেখ্য যে, বর্ণিত সড়কের কালীগঞ্জ বাজার হতে আলীপুর পর্যন্ত ৩.৫০ মিটার প্রশস্ততায় এলজিইডি কর্তৃক নির্মিত পাকা সড়ক রয়েছে এবং বাকী অংশ অর্থাৎ আলীপুর হতে খাশেরহাট ব্রীজ হয়ে শরীয়তপুর পর্যন্ত পায়ে হাটার মত পথ রয়েছে। সেকারনে এলাকাবাসীর যাতায়াতের জন্য আলীপুর হতে শরীয়তপুর পর্যন্ত সড়ক নির্মাণ করা প্রয়োজন। যা, সরেজমিনে পরিদর্শন পূর্বক প্রত্যাশী সংস্থা নির্ধারণের মাধ্যমে বাস্তবায়ন করা যেতে পারে।

ক্রঃ নং	মাস ও তারিখ	অভিযোগের সংখ্যা			মোট	অভিযোগের ধরণ	বিবেচ্য মাসে নিষ্পত্তিকৃত অভিযোগের সংখ্যা	অনিষ্পত্তিকৃত অভিযোগের সংখ্যা				মন্তব্য
		পত্রযোগে কার্যালয়ে প্রাপ্ত	অনলাইনে কার্যালয়ে প্রাপ্ত	মন্ত্রণালয়ের ওয়েবসাইটে				সওজ	বিআরটিএ	BRTC	DTCA	
						করলে মাদারীপুর বা শরীয়তপুরের সাথে আমাদের যোগাযোগ স্থাপিত হতে পারে। এত করে এলাকার আর্থ সামাজিক অবস্থা অনেক পরিবর্তন হবে। (আই ডি নং ১০৮০৪, মাদারীপুর সড়ক বিভাগ)						
৪	০১ নভেম্বর, ২০২১					মাননীয়, আমরা মাদারীপুর জেলাধীন কালকিনি উপজেলাধীন পূর্ব এনায়েতনগর ইউনিয়নের প্রায় ১৫০০০ জনগন অত্যন্ত দুঃখের সাথে জানাচ্ছি যে, আমাদের এখানকার সড়ক যোগাযোগ ব্যবস্থা অত্যন্ত খারাপ। মাদারীপুর ও শরীয়তপুর জেলার সীমান্তবর্তী এলাকা হওয়ায় কোন জেলার সাথেই আমাদের কোন সরাসরি যোগাযোগ ব্যবস্থা নেই। এমনকি এই একটিমাত্র ইউনিয়নই আছে যার সাথে মাদারীপুরের কোন উপজেলার সড়ক যোগাযোগ নেই। হয় জীবনের ঝুকি নিয়ে নৌ-পথে বা বেশী দুরত্বের কোন সড়ক ব্যবহার করে আমাদের জেলা সদর বা উপজেলায় যেতে হয়। এতে করে সময় ও অর্থের অপচয় হয়ে। সম্প্রতি আড়িয়াল খা নদীতে এলজিইডি কর্তৃক ৫০০ মিটারের সেতু নির্মান হওয়ায় আমরা এলাকাবাশী আশার আলো দেখছি। সেতু নির্মান হলেও উপযোগী সড়ক যোগাযোগ না থাকায় আমরা তার সুবিধা পাচ্ছি না। তাই আমদের সহজ ও নিরাপদ যোগাযোগের জন্য মাদারীপুর-কালকিনি-ভূরঘাটা সড়কের **কালীগঞ্জ হতে - আলীপুর-খাশেরহাট হয়ে শরীয়তপুর পর্যন্ত** ২০-২৫ কিলোমিটার (কম/বেশী) একটি সড়ক নির্মাণ করলে মাদারীপুর বা শরীয়তপুরের সাথে আমাদের যোগাযোগ স্থাপিত হতে পারে। এত করে এলাকার আর্থ সামাজিক অবস্থা অনেক পরিবর্তন হবে। (আই ডি নং ১০৮০৫, মাদারীপুর সড়ক বিভাগ)						অভিযোগের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, মাদারীপুর-কালকিনি-ভূরঘাটা মাদারীপুর সড়ক বিভাগাধীন একটি জেলা মহাসড়ক (জেড-৮৬০৪) এবং সড়কটির অবস্থা বর্তমানে ভালো আছে। যা যাতায়াতের মাধ্যম হিসাবে ব্যবহৃত হচ্ছে। বর্ণিত সড়কের কালীগঞ্জ হয়ে আলীপুর-খাশেরহাট শরীয়তপুর পর্যন্ত অত্র এলাকার যাতায়াতের সুবিধার্থে কম/বেশী ২০- ২৫ কিলোমিটার সড়ক নির্মাণের বিষয়ে আবেদন জানিয়ে উক্ত অভিযোগটি দাখিল করা হয়েছে। উল্লেখ্য যে, বর্ণিত সড়কের কালীগঞ্জ বাজার হতে আলীপুর পর্যন্ত ৩.৫০ মিটার প্রশস্ততায় এলজিইডি কর্তৃক নির্মিত পাকা সড়ক রয়েছে এবং বাকী অংশ অর্থাৎ আলীপুর হতে খাশেরহাট ব্রীজ হয়ে শরীয়তপুর পর্যন্ত পায়ে হাটার মত পথ রয়েছে। সেকারনে এলাকাবাসীর যাতায়াতের জন্য আলীপুর হতে শরীয়তপুর পর্যন্ত সড়ক নির্মাণ করা প্রয়োজন। যা, সরেজমিনে পরিদর্শন পূর্বক প্রত্যাশী সংস্থা নির্ধারণের মাধ্যমে বাস্তবায়ন করা যেতে পারে।
৫	১৫ নভেম্বর, ২০২১					আজকে প্রায় ৫ বছর জাবত প্রায় ৩ কিলো মিটার রাস্থা মানুষের চলা চলের অনুপযোগী হয়ে আছে। (আই ডি নং ১০৮৬৯)						অভিযোগের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, অভিযোগটি-তে কোন জায়গার রাস্তাটি চলাচলের অনুপযোগী তা বোধগম্য নয়। অর্থাৎ, সড়কের নাম, কোন জেলা, উপজেলা বা ইউনিয়নে সড়কটি অবস্থিত তা উল্লেখ করা হয় নাই। উপরোক্ত তথ্য সমূহ উল্লেখ করে অভিযোগটি পুনরায় দাখিল করা যেতে পারে।

ক্রঃ নং	মাস ও তারিখ	অভিযোগের সংখ্যা			মোট	অভিযোগের ধরণ	বিবেচ্য মাসে নিষ্পত্তিকৃত অভিযোগের সংখ্যা	অনিষ্পত্তিকৃত অভিযোগের সংখ্যা				মন্তব্য
		পত্রযোগে কার্যালয়ে প্রাপ্ত	অনলাইনে কার্যালয়ে প্রাপ্ত	মন্ত্রণালয়ের ওয়েবসাইটে				সওজ	বিআরটিএ	BRTC	DTCA	
৬	১৮ নভেম্বর, ২০২১					যথা বিহিত শ্রদ্ধা ও সম্মান প্রদর্শন সবিনয় নিবেদন এই যে, পঞ্চগড় জেলার দেবীগঞ্জ উপজেলার করতোয়া নদীর উপরে ৪র্থ চীন বাংলাদেশ মৈত্রী সেতুর সমস্যা সমাধানের জন্য এর আগে আপনাকে পত্রের মাধ্যমে জানিয়েছিলাম। সেই সেতুর সমস্যার সমাধান করেছেন। এখন সেতুটির রাতে বাতি জ্বালে কয়েকটি বাতি নষ্ট হয়েছে জ্বলেনা। আমরা এলাকাবাসী সকলেই আপনার প্রতি খুবেই খুশী হয়েছি। এখন করতোয়া নদীর উপরে ৪র্থ চীন বাংলাদেশ মৈত্রী সেতুর পশ্চিম মুখ, উত্তর পার্শ্ব রাস্তা দিয়ে আমরা অসহায় মানুষেরা নিজের খাবার খরচের ব্যাগ ঘারে নিয়ে হেটে চলাচল করি তখন সেতুটির দুই পার্শ্ব রাস্তার জমে থাকা ধুলাবালি বড় ট্রাক বাস মটর লড়ি ইত্যাদি গাড়ি চলাচলেন সময় ধুলা বালি খুবেই উড়ে এবং আমাদের মত অসহায় মানুষের চোখে মুখে লাগে। পরিবেশ নষ্ট হচ্ছে। হঠাৎ করে সর্দ্দি কাঁশি ও জ্বর হচ্ছে। আবার গ্রাম থেকে বাইসাইকেলে চড়ে আসা মানুষ এবং ভ্যানে চড়ে যাওয়া মানুষ এবং স্কুল, কলেজের ছেলে মেয়েদের আসা যাওয়া করার সময় বাইসাইকেলের চাকা ধুলাবালির জন্য জীপ করে পড়ে গিয়ে দূর্ঘটনা ঘটতে পারে। এই সেতুটির পশ্চিম উত্তর পার্শ্বে রাস্তাটির জমে থাকা ধুলাবালি পরিষ্কার করে সেতুটির পরিবেশ রক্ষা করার দায়িত্ব কৃর্তপক্ষ এবং ইজারাদারদের কিন্তু দুঃখের বিষয় সেুতটি কি অবস্থায় আছে তেনারা কোন পর্যবেক্ষন ও পরিদর্শন করে দেখে না। শুধু ব্যবসা করে লাভ করার ধান্দায় থাকে। সেতুটির পূর্ব পার্শ্বের উত্তর ও দক্ষিণে রাস্তার ফুটপাতে কিছুটা সিমেন্ট পাথর উঠে গেছে বৃষ্টি হলে ছয়মাস অথবা এক বছরের মধ্যে দৃষ্টি না দিলে বড় গর্ত হয়ে পার্শ্ব রাস্তাটি ভবিষ্যতের জন্য ভেঙ্গে যাবার সম্ভবনা আছে। বিধায় এমতাবস্থায়, উল্লেখিত বিষয়টি গোপনে স্বরজমিনে তদন্ত করে হেটে চলাচল করা অসহায় মানুষের পক্ষ হয়ে সেতুটি ধুলাবালি হইতে পরিষ্কার করে সেতুটির পরিবেশ রক্ষার জন্য কৃর্তপক্ষকে ভবিষ্যতের জন্য কমিটি গঠন করে পরিদর্শন করার দায়িত্ব ও নির্দেশ দিলে এই এলাকার হেটে চলাচল করা অসহায় মানুষের হৃদয়ের মধ্যে আপনার সুনাম চিরস্মরনীয় হয়ে বিশাল জনপ্রিয়তার স্থান পাবে। (আই ডি নং ১০৮২৪, পঞ্চগড় সড়ক বিভাগ)।						অভিযোগের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, পঞ্চগড় জেলার দেবীগঞ্জে অবস্থিত ৪র্থ বাংলাদেশ-চীন মৈত্রী সেতু ও এর এপ্রোচ সড়কে প্রায়ই ধুলো বালি পরিস্কার করা সহ এপ্রোচের দুপাশের জঙ্গল পরিস্কার করা হয়। এ সেতুটির পার্শ্বে করতোয়া নদীতে বালু মহাল থাকার কারনে বালু উত্তোলন করে সেতুর পার্শ্বে রেখে সেখান থেকে বিভিন্ন স্থানে পরিবহন করা হয় ফলে সেখানে ধুলো বালির পরিমান বেশি থাকে। এছাড়া সেতু এবং এপ্রোচ সড়কে চলাচল উপযোগী রাখার স্বার্থে সবর্দা প্রয়োজনীয় মেরামত করা হয়ে থাকে। ফুটপাত নষ্ট হওয়ার স্থানে প্রয়োজনীয় মেরামত শীঘ্রই করা হবে
৭	১৮ নভেম্বর, ২০২১					১৫ মিনিট আধা ঘন্টা স্পিড বোট বা লঞ্চে করে যাওয়া বর্ষা মৌসুমে অনেক বিপদের সম্মুখীন হতে হয় এবং অনেক সময় যথাসময়ে লঞ্চ স্পিড বোট না পাওয়াই অনেক দেরি করে যেতে হয়। তাই কর্ণফুলী টানেলের সাথে সংযুক্ত করে সন্দ্বীপ এবং চট্টগ্রাম সিটি র সাথে টানেল সংযুক্ত করে জনগণের দীর্ঘ দিন অশান্তি দুর্ভোগ দুরিভূত করে শিক্ষিত						অভিযোগের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, উল্লেখিত টানেলটি সড়ক ও জনপথ অধিদপ্তরের আওতাধীন নয়। উক্ত বিষয়ে সেতু নির্মাণ কর্তৃপক্ষের সাথে যোগাযোগ করা যেতে পারে।

ক্রঃ নং	মাস ও তারিখ	অভিযোগের সংখ্যা			মোট	অভিযোগের ধরণ	বিবেচ্য মাসে নিষ্পত্তিকৃত অভিযোগের সংখ্যা	অনিষ্পত্তিকৃত অভিযোগের সংখ্যা				মন্তব্য
		পত্রযোগে কার্যালয়ে প্রাপ্ত	অনলাইনে কার্যালয়ে প্রাপ্ত	মন্ত্রণালয়ের ওয়েবসাইটে				সওজ	বিআরটিএ	BRTC	DTCA	
						ছাত্রদের যোগাযোগ সহ গর্ভবতী মহিলা দের চিকিত্সা সুবিধা পাওয়া সহ যাবতীয় ব্যবসায়িক উন্নতি প্রদান করার সুব্যবস্থা করার জন্য সরকার সংশ্লিষ্ট সকলের প্রতি আহ্বান সহ সুদৃষটি কামনা করছি । স্যার আসসলামুআলাইকুম । আমরা দেখতেছি ইতিমধ্যে সরকারের উদ্যোগে কর্ণফুলী টানেলের একপাশের কাজ কমপিলিট হতে চলেছে । যার সফলতা সবাই ভবিষ্যতে ভোগ করবে । এখন এই কাজটির দ্বিতীয় পাশের কাজ চলমান থাকা অবস্থাই আমাদের আবেদন হচছে , যেন চট্টগ্রামস্থ সন্দ্বীপের যাতায়াত সুবিধা করার জন্য এবং ব্যাবসায়িক উন্নতি হওয়ার জন্য এ টানেলের সাথে চট্টগ্রাম সিটির সাথে সন্দ্বীপের সাথে এ কর্ণফুলী টানেল সংযুক্ত করে একই খরচে একটি টানেল সংযুক্ত করে জনগণের দীর্ঘ দিন অশান্তি দুর্ভোগ দুরিভূত করে ভবিষ্যতে শান্তি পূর্ণ ভাবে চলাফেরা করার সুযোগ সহ যাবতীয় দুর্ঘটনা হতে ভিজিটর সহ সাধারণ জনগণের চলাচল সুবিধা প্রদান করার জন্য আহ্বান জানাচ্ছি । সরকার চাইলে পারেন। সরঞ্জাম সব থাকা অবস্থাই সন্দ্বীপ র সাথে ঢাকা কক্সবাজার র টানেলের সাথে সংযুক্তি করে দিলে তাহলে সন্দ্বীপ সহ দেশের জনগণ ত্রিমুখী সুবিধা পাবে । এবং সন্দ্বীপে একটি কন্টিনার টার্মিনাল বন্দর তৈয়ার করলে ভবিষ্যতে আরো ব্যবসায়ীক সফল সরকার এবং জনগণ ভোগ করতে পারবেন । তাই সরকার যেন সন্দ্বীপের সাথে টানেল সংযুক্ত করার ব্যাপারে দ্রুত যাবতীয় বাজেট সহ কাজ শুরু করার প্রক্রিয়া গ্রহণ করার যাবতীয় পদক্ষেপ নিয়ে যথাযথ সময়ে কাজ শুরু করে কর্ণফুলী টানেলের মতো দ্রুত কাজ কমপিলিট করা হয় সেজন্য আহ্বান জানাচ্ছি। (আই ডি নং ১০৮৪৪, চট্টগ্রাম সড়ক বিভাগ)।						
৮	১৮ নভেম্বর, ২০২১					চট্টগ্রামস্থ সিটি করপোরেশনের এরিয়া হাটহাজারী থানার নজুমিয়া হাটস্থ দক্ষিণ দিকের রোড হাজী সোলায়মান চৌধুরীর বাড়ির সম্মুখের রোড হয়ে তাজ মোহাম্মদ বাড়ি হয়ে শাহেন শাহ্ র মাজার এরিয়া সংলগ্ন রোড পর্যন্ত ((যে রোড টি উত্তর মোহরা কর্ণফুলী হালদা নদীর চান্দগাঁও ৫ নং ওয়ার্ডে নতুন রোডের সাথে মিলিত হয়েছে। সমস্ত রোড রিপিয়ার ঢালাই সহ তাজ মোহাম্মদ র বাড়ির সাইনবোর্ডের সামনের ব্রিজ টি মাইক্রোবাস এবং মিনি ট্রাক যেতে পারে মতো বৃদ্ধি করে তৈয়ার করার আহ্বান জানাচ্ছি । এতে মোহরা চান্দগাঁও ৫নং ওয়ার্ডের সাধারণ জনগণের চলাচল সুবিধা সহ ডেলিভারি রোগী সহ স্কুল কলেজ বিশ্ব বিদ্যালয় পড়ুয়া ছাত্র ছাত্রীদের						অভিযোগের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, সড়ক/ব্রীজটি সড়ক ও জনপথ অধিদপ্তরের আওতাধীন নয়। উক্ত সড়ক/ব্রীজ মেরামতের জন্য চট্টগ্রাম সিটি কর্পোরেশনের সাথে যোগাযোগ করা যেতে পারে।

ক্রঃ নং	মাস ও তারিখ	অভিযোগের সংখ্যা			মোট	অভিযোগের ধরণ	বিবেচ্য মাসে নিষ্পত্তিকৃত অভিযোগের সংখ্যা	অনিষ্পত্তিকৃত অভিযোগের সংখ্যা				মন্তব্য
		পত্রযোগে কার্যালয়ে প্রাপ্ত	অনলাইনে কার্যালয়ে প্রাপ্ত	মন্ত্রণালয়ের ওয়েবসাইটে				সওজ	বিআরটিএ	BRTC	DTCA	
						যাতায়াত সুবিধা হবে। তাই কাজটি দ্রুত করার আহ্বান জানাচ্ছি। (আই ডি নং ১০৮৪৬, চট্টগ্রাম সড়ক বিভাগ)।						
৯	২৫ নভেম্বর, ২০২১					সড়ক ও জনপথ অধিদপ্তরের কুমিল্লা সড়ক বিভাগের আওতাধীন কুমিল্লা-চাঁদপুর (নোয়াখালী) আঞ্চলিক মহাসড়কের রতনপুর বাজার সংলগ্নে সড়কের ৯ম কিলোমিটারে চাঁদপুর অভিমূখে সড়কের ডান পার্শ্বে, সওজ এর জায়গায় এলাকার কতিপয় ভূমি জবর দখলকারী অবৈধ ভাবে বহুতল বানিজ্যিক ভবন নির্মান করছে। উক্ত নির্মান কাজের শুরুতেই আমি হাবিবুর রহমান মজুমদার গত ০৯-০৯-২০২০ খ্রি তারিখে নির্মান কাজ বন্ধ করার জন্য নির্বাহী প্রকৌশলী (সওজ), কুমিল্লা ববাবর লিখিত আবেদন করি (সংযুক্তি-১)। নির্বাহী প্রকৌশলী মহোদয় সংশ্লিষ্ট দায়িত্ব প্রাপ্ত উপ-বিভাগীয় প্রকৌশলী, জনাব মোঃ রেজায়ে রাব্বি এবং উপ সহকারী প্রকৌশলী, মাজহারুল ইসলাম-কে প্রয়োজনীয় ব্যাবস্থা গ্রহণ করার জন্য নির্দেশনা প্রদান করলেও উক্ত কর্মকর্তাগন নির্মাণ কাজ বন্ধ করার জন্য কোনরূপ ব্যবস্থা গ্রহন করেননি। অবৈধ স্থাপনাটির কারনে এলাকায় বহুবিধ সামাজিক সমস্যার সৃষ্টি হবে বিধায় এলাকার গন্যমান্য ব্যাক্তিবর্গ বিষয়টি উপ-বিভাগীয় প্রকৌশলী জনাব মোঃ রেজায়ে রাব্বি-কে অবহিত করেন এবং নির্মাণ কাজ বন্ধের নির্দেশে নোটিশ/চিঠি দেয়ার জন্য অনুরোধ করা সত্ত্বেও দৃশ্যমান কোন ব্যবস্থা গ্রহন করা হয়নি। যার পরিপ্রেক্ষিতে আমি নিম্ন স্বাক্ষরকারী গত ১৫/১২/২০২০ খ্রি. তারিখ প্রধান প্রকৌশলী, সড়ক ও জনপদ অধিদপ্তর বরাবর (সংযুক্তি-৩) গত ১৭/১২/২০২০ খ্রি. তারিখ সচিব, সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ বরাবর (সংযুক্তি-২) লিখিত আবেদন করি এবং সড়ক বিভাগের GRS সিস্টেমে অভিযোগ দাখিল করি (অভিযোগ নং ৯৯৬৩)। উক্ত আবেদন সমূহ কুমিল্লা অফিসে ফরোয়ার্ড করা হলেও আলোচ্য ভবনের নির্মাণ কাজ বন্ধের উল্লেখযোগ্য কোন ব্যবস্থা গ্রহণ করা হয়নি। পরবর্তীতে আমি সংক্ষুব্ধ হয়ে আমার আবেদনের প্রেক্ষিতে কিরূপ ব্যবস্থা গ্রহণ করা হয়েছে এই মর্মে তথ্য প্রাপ্তির জন্য গত ২৫/০৩/২০২১ ইং তারিখ আবেদন করি (সংযুক্তি-৫)। যার প্রেক্ষিতে গত ০৮/০৪/২০২১ খ্রি. তারিখ অবৈধ স্থাপনা অপসারনের জন্য ১৫ (পনের) দিন সময় নির্ধারণ করে নোটিশ প্রদান করা হয় (সংযুক্তি-৬)। এই নোটিশেও অভিযুক্ত ব্যাক্তির পিতার নাম এবং উপজেলার নাম ভুল লেখা হয়। যা অত্যন্ত দুঃখজনক। উল্লেখ্য যে উক্ত অবৈধ স্থাপনাটি আমার পৈত্রিক সম্পত্তির সম্পূর্ণ সামনের অংশটি দখল করে নির্মাণ						উপযুক্ত বিষয়ে জানানো যাচ্ছে যে, অত্র সড়ক বিভাগাধীন কুমিল্লা-চাঁদপুর আঞ্চলিক মহাসড়কে (আর-১৪০) এর ৯ম কিলোমিটারে লালমাই উপজেলাধীন রতনপুর বাজার সংলগ্ন বড় ধর্মপুর মৌজার সাবেক ২০৮৫নং দাগের সওজ এর মালিকানা ভূমিতে নির্মিত অবৈধ স্থাপনা উচ্ছেদের নিমিত্তে উচ্ছেদ কার্যক্রম পরিচালনার লক্ষ্যে বিজ্ঞ নির্বাহী ম্যাজিস্ট্রেট নিয়োগের জন্য জেলা প্রশাসক, কুমিল্লা এর বরাবর পত্র প্রেরণ করা হয়েছে (কপি সংযুক্ত)। বিজ্ঞ নির্বাহী ম্যাজিস্ট্রেট নিয়োগ হওয়া মাত্রই উক্ত অবৈধ স্থাপনা উচ্ছেদ কার্যক্রম পরিচালনা করা হবে।

ক্রঃ নং	মাস ও তারিখ	অভিযোগের সংখ্যা			মোট	অভিযোগের ধরণ	বিবেচ্য মাসে নিষ্পত্তিকৃত অভিযোগের সংখ্যা	অনিষ্পত্তিকৃত অভিযোগের সংখ্যা				মন্তব্য
		পত্রযোগে কার্যালয়ে প্রাপ্ত	অনলাইনে কার্যালয়ে প্রাপ্ত	মন্ত্রণালয়ের ওয়েবসাইটে				সওজ	বিআরটিএ	BRTC	DTCA	
						করা হয়েছে। (সওজ এর জমির দাগ নং-২০৮৫ আমার জমির দাগ নং-২০৮৬)। সওজ এর পার্শের জমির মালিক হয়েও আমি আমার জমিতে প্রবেশ করতে পারছিনা। সওজ এর জায়গায় অবৈধভাবে বানিজ্যিক ভবন নির্মাণ করার কারনে আমার পৈত্রিক সম্পত্তি ভোগ-দখল করার সাংবিধানিক অধিকার ক্ষুন্ন হয়েছে। উপরোক্ত বিষয়ে গত ১০/০৬/২০২১ ইং তারিখ সওজ এর প্রধান প্রকৌশলী মহোদয় বরাবর আবারো আবেদন করি (সংযুক্তি-৭)। দুঃখজনক বিষয় সওজ কুমিল্লা অফিস থেকে এখনো পর্যন্ত অবৈধ স্থাপনাটি অপসারন করার জন্য কোন ব্যবস্থা গ্রহন করা হয়নি। উল্লেখ্য যে উপরোক্ত বিষয়ে ইলেক্ট্রোনিক মিডিয়া (এশিয়ান টিভি) এবং প্রিন্ট মিডিয়া (আমাদের কুমিল্লা, রূপসী বাংলা) পত্রিকায় খবর প্রকাশিত হয়। তাছাড়া বিষয়টি স্থানীয় সাংসদ, মাননীয় অর্থ মন্ত্রী মহোদয়কে লিখিতভাবে অবহিত করা হয়েছে (সংযুক্তি-৮) এমতাবস্থায় উপরোক্ত বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহন করে আলোচ্য অবৈধ স্থাপনাটি উচ্ছেদ করার জন্য মহোদয়ের নিকট সবিনয় অনুরোধ করছি। (আই ডি নং ১১০২৪, কুমিল্লা সড়ক বিভাগ)						
১০	২৯ নভেম্বর, ২০২১					এখন শীতকালীন মৌসুম তাই আমাদের চট্টগ্রামস্থ রাউজান কাগতিয়ার কাগতিয়ার বাজার হতে মাজিদা পাড়া হয়ে মাইজ পাড়ার মধ্যে দিয়ে কাসেম নগর পর্যন্ত মৌলানা হাজী রুহুল আমিন সড়ক রোড পিচ ঢালাই রিপিয়ার ঢালাই করার কাজ দ্রুত করে সমস্ত জনগণের দীর্ঘ দিনের দুর্ভোগ দুরিভূত করার জন্য আহ্বান জানাচ্ছি এবং কাগতিয়া বাজারস্থ ব্রিজে গর্ত হয়েছে যার দরুন যে কোন মুহূর্তে দূরঘটনা ঘটতে পারে তাই ঐ ব্রিজটির পূর্ব পাশে পুনরায় অর্ধেক অংশ ভেঙ্গে পুনরায় ঢালাই করার আহবান । কাগতিয়া বাজার উত্তর কূল বিনাজুরীস্থ পোস্ট অফিস হতে নবীন মহাজন সড়ক হয়ে পশ্চিম বিনাজুরী হোসেন হাওলাদার বাড়ি পর্যন্ত কিছু অংশ ব্রিক ইট করা হয়েছে, বাকি আধা কিলোমিটার রাস্তা ব্রিক করা হয়নি তাই এ শীত মৌসুমের মধ্যে রাস্তাটির পুরোপুরি কাগতিয়া দেওয়ান আলী ব্রিজ হোসেন হাওলাদার বাড়ি হতে বিনাজুরী নবীন মহাজন বাড়ির সম্মুখস্থ হয়ে পোস্ট অফিস পর্যন্ত পুরোপুরি কংক্রিটের ঢালাই						অভিযোগের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, উক্ত সড়কটি সড়ক ও জনপথ অধিদপ্তরের আওতাধীন নয়। উক্ত বিষয়ে স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তরের (এলজিইডি) সাথে যোগাযোগ করা যেতে পারে।

ক্রঃ নং	মাস ও তারিখ	অভিযোগের সংখ্যা			মোট	অভিযোগের ধরণ	বিবেচ্য মাসে নিষ্পত্তিকৃত অভিযোগের সংখ্যা	অনিষ্পত্তিকৃত অভিযোগের সংখ্যা				মন্তব্য
		পত্রযোগে কার্যালয়ে প্রাপ্ত	অনলাইনে কার্যালয়ে প্রাপ্ত	মন্ত্রণালয়ের ওয়েবসাইটে				সওজ	বিআরটিএ	BRTC	DTCA	
						করে কমপিলিট করে করার জন্য আহ্বান জানাচ্ছি যেন বর্ষা মৌসুমে স্কুল মাদ্রাসা কলেজ বিশ্ববিদ্যালয় পড়ুয়া ছাত্র সহ যাবতীয় রোগী গর্ভবতী মহিলারা যথাযথ শান্তি পূর্ণ পর্যায়ে চলাফেরা করার সুযোগ হয়। আমরা জানি রোডের কাজ হবে , তবে অনেক দেরী হবে তাই যতো একদিন আগে করবেন ততই ব্যবসায়িক সহ শিক্ষাই জাতি এগিয়ে সাফল্য অর্জন করবে সেজন্য আমাদের আবেদনটা আগে হতে বিবেচনা করে দ্রুততার সাথে এ শীত মৌসুমের মধ্যে (নবীন মহাজন সড়ক বিনাজুরীর) রাস্তাটি কংক্রিটের ঢালাইয়ের মাধ্যমে করে (ইটের ব্রিক করলে ভালো নয় তাই একেবারে সিমেন্ট সহকারে কংকর ঢালাই করলে বর্ষা কালে পিচ্ছিল হয়না, সাথে ইটের পাকা অংশ হতে কাদা ও উঠবেনা , তাই কংক্রিটের ঢালাই করার আবেদন)এভাবে কমপিলিট করার আহ্বান জানাচ্ছি । কিছু টাকা বরাদ্দ অতিরিক্ত সিমেন্ট খরচা বাড়িয়ে দিয়ে কাজটি সুনিপুণ সুন্দর চলাচলের উপযুক্ত করে দেওয়ার আহবান। (আই ডি নং ১১০৪৫, চট্টগ্রাম সড়ক বিভাগ)						
	মোট=	-	-	৮	১০		১০	-				

(মুনমুন বিশ্বাস)
নির্বাহী প্রকৌশলী (চঃদাঃ), সওজ
তদন্ত বিভাগ
সড়ক ভবন, তেজগাঁও, ঢাকা

(মোঃ আমানউল্লাহ)
তত্ত্বাবধায়ক প্রকৌশলী, সওজ
প্রশাসন ও সংস্থাপন
সড়ক ভবন, তেজগাঁও, ঢাকা

(মোঃ রেজাউল করিম)
অতিরিক্ত প্রধান প্রকৌশলী (চঃদাঃ), সওজ
ম্যানেজমেন্ট সার্ভিসেস উইং
সড়ক ভবন, তেজগাঁও, ঢাকা

(মোঃ আবদুস সবুর)
প্রধান প্রকৌশলী

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
প্রধান প্রকৌশলীর কার্যালয়
সড়ক ও জনপথ অধিদপ্তর
সড়ক ভবন, তেজগাঁও
ঢাকা-১২০৮।
☎ ০২-৮৮৭৯২৯৯
E-mail: ce@rhd.gov.bd

স্মারক নং-৩৫.০১.০০০০.৩৬৮.১৬.০০১.২০-৬৮২ তারিখঃ০৭/১২/২০২১ খ্রিঃ

বিষয়ঃ অভিযোগ গ্রহণ ও নিষ্পত্তি **(Grievance Redress System-GRS)** সংক্রান্ত ওয়েবসাইট হতে প্রাপ্ত অভিযোগ/ আবেদন নিষ্পত্তির বিষয়ে নভেম্বর/২০২১ মাসের প্রতিবেদন প্রেরণ প্রসঙ্গে।

সূত্রঃ সড়ক পরিবহন ও সেতু মন্ত্রণালয়, সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ, তদন্ত ও শৃঙ্খলা অধিশাখা এর স্মারক নং ৩৫.০০.০০০০.০২৮.২৭.০১৮.১৭-৩২০ তাং ১৯-১০-২০১৭ খ্রিঃ।

উপর্যুক্ত বিষয় ও সূত্রোস্থ স্মারকের প্রেক্ষিতে ওয়েবসাইট হতে প্রাপ্ত অভিযোগ গ্রহণ ও নিষ্পত্তি (Grievance Redress System-GRS) সংক্রান্ত সড়ক ও জনপথ অধিদপ্তর সংশ্লিষ্ট অভিযোগ/ আবেদন সমূহের গৃহীত ব্যবস্থার নভেম্বর/২০২১ মাসের প্রতিবেদন সদয় প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য এতদসঙ্গে প্রেরণ করা হলো।

সংযুক্তিঃ-বর্ণনামতে- ৯(নয়) পাতা।

০৭/১২/২০২১
(মোঃ আবিদুস সবুর)
প্রধান প্রকৌশলী

সচিব
সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ
সড়ক পরিবহন ও সেতু মন্ত্রণালয়
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

অনুলিপিঃ
১। যুগ্ম সচিব (আইন) ও ফোকাল পয়েন্ট কর্মকর্তা, জিআরএস, সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ, সড়ক পরিবহন ও সেতু মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২। সিনিয়র সিস্টেম এনালিস্ট, সওজ, ম্যানেজমেন্ট ইনফরমেশন সেল, সড়ক ভবন, তেজগাঁও, ঢাকা।